

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ২. ১৫. শনিবার লজ্মন বিষয়ে যীশুর মুখে তৌরাতের উদ্ধৃতি

মথির বর্ণনায় যীশু বলেন: "তোমরা কি ব্যবস্থায় পাঠ কর নাই যে, বিশ্রামবারে যাজকেরা ধর্মধামে বিশ্রামবার লঙ্ঘন করিলেও নির্দোষ থাকে?" কি. মো.-২০০৬: "আপনারা কি তৌরাত শরীফে পড়েননি যে, বিশ্রামবারে বায়তুল-মোকাদ্দসের ইমামেরা বিশ্রামবারের নিয়ম ভাংলেও তাঁদের দোষ হয় না।" কি. মো.-২০১৩: "তোমরা কি শরীয়তে পাঠ করনি যে, বিশ্রামবারে ইমামেরা এবাদত-খানায় বিশ্রামবার লঙ্ঘন করলেও তাদের কোন দোষ হয় না।" (have ye not read in the law, how that on the sabbath days the priests in the temple profane the sabbath, and are blameless?) (মথি ১২/৫)

এ উদ্ধৃতিও শতভাগ ভিত্তিহীন। তৌরাত শরীফের পাঁচ পুস্তক তো দূরের কথা পুরাতন নিয়মের কোথাও যাজকদের জন্য বিশ্রামবার লঙ্ঘনের এ কথাটা নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14223

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন